দৈনিক ইত্তেফাক

তারিখ DEC. 28 1999

পৃষ্ঠা ১০ কলাম ৫

# শিক্ষকের চারিত্রিক গুণ ও আদর্শই ছাত্ররা অনুকরণ করে

চট্টগ্রাম অফিস ॥ চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় অর্থনীতি বিভাগের একজন শিক্ষকের বিদায় উপলক্ষে সম্প্রতি এক অনুষ্ঠানে সাবেক ভাইস চ্যান্সেলর প্রফেসর আলমগীর মোহাম্মদ সিরাজুদ্দিন বলেন, শিক্ষকের বড় সাফল্য ছাত্রদের দ্বারা প্রশংসিত হওয়া। ছাত্ররা শিক্ষায় অনুপ্রানিত হইয়া উচ্ছসিত হইলেই শিক্ষকরা সফল হন এবং ইহাতে তাহারা গর্ব অনুভব করেন। শিক্ষকের চারিত্রিক গুণাবলী, তাঁহার আদর্শ ইত্যাদি ছাত্ররা অনুকরণ করে। আজ এ ধরনের শিক্ষকের বেশী প্রয়োজন।

সংবর্ধনার জবাবে অধ্যাপক সিকান্দর খান বলেন, ছাত্রদের ভালবাসা দিলে তাহারা সম্মান করে। ইহাছাড়া একজন শিক্ষকের পাওয়ার আর কিছু নাই। তিনি বলেন, গোঁজামিল দিয়া সাময়িক পার পাওয়া যায়। কিন্তু দীর্ঘজীবন পরিক্রমায় তাহা শুভ হয় না। ভেদাভেদ সংকীর্ণতা স্বাভাবিক ও প্রাকৃতিক নয়। সৌহার্দ্য ও ...তৃত্ববোধের মাধ্যমে অপরকে ভাল ...জে উদ্বুদ্ধ করার মাঝেই প্রকৃত আ...দ। জ্ঞানের সীমা থাকিতে পারে কিন্তু মনের সীমারেখা বা সংকী...তা থাকা উচিত নয়।

সমাজ বিজ্ঞান অনু...দের ডীন অধ্যাপক মোহাম্মদ সালে...উদ্দীনের সভাপতিত্বে অনুষ্ঠানে ...অন্যান্যের মধ্যে আলোচনায় অংশ নেন প্রফেসর ডঃ মাহফুজুল হক, ডঃ আবদুস সাঈদ, প্রফেসর ডঃ শামসুদ্দিন, প্রফেসর ডঃ শামসুল আলম, প্রফেসর ডঃ হরেন্দ্র কান্তি দে, ডঃ মাহবুবুল হক প্রমুখ।